৫৬

৪৩

দৈনিক ইত্তেফাক

তারিখ 27 AUG 1988
পৃষ্ঠা ১ কলাম

আলিয়া মাদ্রাসা

## ছাত্রদের 'রাজনীতি করিব না' অঙ্গীকার দিতে হইবে

গতকাল (শনিবার) ঢাকা আলিয়া মাদ্রাসার শিক্ষক কাউন্সিলের এক সভায় মাদ্রাসা ও ছাত্রদের স্বার্থে কতিপয় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়। কাউন্সিলের

(শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

আলিয়া মাদ্রাসা

(১ম পৃ: পর)

সভাপতি ও মাদ্রাসার অধ্যক্ষ সভায় সভাপতিত্ব করেন। এই সভায় গত ১৯শে আগষ্টের সিদ্ধান্ত অনুমোদন করা হয়। তবে 'খ' নম্বরের সিদ্ধান্ত অমান্যকারীকে বহিষ্কারের পরিবর্তে তাহার বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। মাদ্রাসার সকল শিক্ষকের সমন্বয়ে শৃংখলা কমিটি গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়। প্রয়োজনে ওয়ার্ড কমিশনার ও মহল্লার গণ্যমান্য ব্যক্তিদের সহযোগিতা নেওয়া যাইতে পারে বলিয়া সভায় অভিমত ব্যক্ত করা হয়। আগামী ৩১শে আগষ্ট ক্লাস শুরু করার সিদ্ধান্ত নেওয়া হয়। তবে মেরামত না হওয়া পর্যন্ত ছাত্রাবাস বন্ধ থাকিবে। অত্র মাদ্রাসার কোন ছাত্র যদি একই সাথে অন্য কোন প্রতিষ্ঠানে ভর্তি থাকে তাহা হইলে অত্র প্রতিষ্ঠানের ভর্তি বাতিল হইয়া যাইবে।

ছাত্রদের এইমর্মে অঙ্গীকারনামা দিতে হইবে যে, মাদ্রাসায় কোনরূপ রাজনীতি করা যাইবে না'। সকল ছাত্রকে ক্লাসে ৭০ ভাগ হাজিরা থাকিতে হইবে। অন্যথায় তাঁহাদের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হইবে না। —প্রেস বিজ্ঞপ্তি।